ইরানকে গোয়েন্দা তথ্য দেওয়ার অভিযোগ অস্বীকার রাশিয়ার



রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন। ছবি: সংগৃহীত

ইরানকে গোপন গোয়েন্দা তথ্য সরবরাহের অভিযোগ অস্বীকার করেছে রাশিয়া এ কথা জানিয়েছেন যুক্তরাষ্ট্রের বিশেষ দূত স্টিভ উইটকফ। তিনি বলেন, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প–এর সঙ্গে ফোনালাপে রুশ পক্ষ স্পষ্ট করেছে, তারা কোনো তথ্য শেয়ার করছে না।

সিএনবিসি–কে দেওয়া সাক্ষাৎকারে উইটকফ জানান, তিনি গোয়েন্দা কর্মকর্তা নন, তবে রাশিয়ার বক্তব্য বিশ্বাসযোগ্য বলেই মনে করেন। একই দিনে তিনি ও জারেড কুশনার রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন–এর উপদেষ্টা ইউরি উশাকভ–এর সঙ্গে আলাদা ফোনালাপেও একই আশ্বাস পান।

এর আগে এমএস নাউ–এর প্রতিবেদনে দুই মার্কিন কর্মকর্তা দাবি করেন, রাশিয়া এমন তথ্য দিচ্ছে যা মধ্যপ্রাচ্যে মার্কিন বাহিনীর ওপর হামলায় ইরানকে সহায়তা করতে পারে। একজন সরাসরি গোয়েন্দা সহায়তার কথাও বলেন।

এ বিষয়ে ফক্স নিউজ–এর সাংবাদিক পিটার ডুসি প্রশ্ন করলে ট্রাম্প তা উড়িয়ে দিয়ে বিরক্তি প্রকাশ করেন।

পরে ফ্লোরিডায় ট্রাম্প বলেন, পুতিন ফোনালাপে যুক্তরাষ্ট্রের সামরিক অগ্রগতির প্রশংসা করেছেন।

LENS ASIA